গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, ঢাকা।
principal@bbggc.gov.bd, www.bbggc.gov.bd
College Code : 1400, EIIN NO : 108155

তারিখ: ১৯/১১/২০২৩

# অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষা-২০২২ অনিয়মিত ও মানোন্নয়ন (পুরাতন সিলেবাস) ফরম পূরণের বিজ্ঞপ্তি

সম্মান ৪র্থ বর্ষ'২০২২ অনিয়মিত ও মানোন্নয়ন শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, তাদের ফরম ফরম পূরণ ০৮/১১/২০২৩ তারিখ হতে ২৬/১১/২০২৩ তারিখের মধ্যে সম্পন্ন হবে। ফরম পূরণের আবেদন ফরম ঢাকা বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটে (7 College.du.ac.bd) Form Fill-up ক্লিক করে শিক্ষার্থীর রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড দিয়ে ওয়েবসাইটের নির্দেশনানুযায়ী নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে শিক্ষার্থী একটি প্রিভিউ দেখতে পাবে। পূরণকৃত ডাটা সঠিক থাকলে অনলাইন থেকে একটি পূরণকৃত আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। কলেজ অফিসের ১১৩ নং কক্ষে নিম্নোক্ত হারে ফরম পূরনের টাকা জমা দিয়ে আবেদন ফরম ও প্রয়োজনীয় কাগজপত্র স্ব স্ব বিভাগে জমা দিতে হবে।

| ক্রমিক নং | বিষয় | টাকা |
|---|---|---|
| ০১ | ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস, ইসলাম শিক্ষা, অর্থনীতি ও সমাজবিজ্ঞান | ৩,৯০৫/- |
| ০২ | সমাজকর্ম ও রাষ্ট্রবিজ্ঞান | ৪,০০৫/- |
| ০৩ | বাংলা ও দর্শন | ৩,৭০৫/- |
| ০৪ | হিসাববিজ্ঞান | ৩,৮০৫/- |
| ০৫ | ব্যবস্থাপনা | ৩,৬০৫/- |
| ০৬ | গণিত, পদার্থবিজ্ঞান, প্রাণিবিজ্ঞান, ভূগোল ও পরিবেশ ও গার্হস্থ্য অর্থনীতি | ৪,১৮৫/- |
| ০৭ | মনোবিজ্ঞান, রসায়ন ও উদ্ভিদবিজ্ঞান | ৪,৩৮৫/- |
| | মানোন্নয়ন পরীক্ষার্থীদের জন্য | |
| ০১ | ০১ বিষয় | ১,৪৮০/- |
| ০২ | ০২ বিষয় | ১,৬৮০/- |
| ০৩ | ০৩ বিষয় | ১,৮৮০/- |
| ০৪ | ০৪ বিষয় | ২,০৮০/- |

*** মাঠকর্ম, থিসিস, টার্মপেপার এবং অ্যাসাইনমেন্ট যদি থাকে নির্ধারিত ফি স্ব-স্ব বিভাগে জমা দিতে হবে।**

*** নির্ধারিত সময়: ১৯/১১/২০২৩ তারিখ হতে ২৬/১১/২০২৩ তারিখের পরে জরিমানার মাধ্যমে ফরম পূরণের কোনো সুযোগ থাকবে না।**

১৯/১১/২৩

চলমান পাতা-০২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

# বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, ঢাকা।

principal@bbggc.gov.bd, www.bbggc.gov.bd

College Code : 1400, EIIN NO : 108155

অনলাইনে আবেদন ফরমপূরণ (শিক্ষার্থীদের জন্য):পাতা-২

ক) আবেদনকারীকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (7college.du.ac.bd) **Form Fill-up** বাটনে ক্লিক করে সাইন আপ করে নিজের রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড দিয়ে ওয়েবসাইটে প্রদত্ত নির্দেশনা অনুযায়ী (৭ কলেজের ওয়েবসাইটে প্রদত্ত ফরমপূরণের নির্দেশনাবলী অনুযায়ী) নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে শিক্ষার্থী একটি প্রিভিউ (এন্ট্রি ফরম) দেখতে পাবে। পূরণকৃত ডাটা সঠিক থাকলে অনলাইন থেকে একটি পূরণকৃত আবেদন ফরম প্রিন্ট করে নিতে পারবে। পূরণকৃত ফরমে (এন্ট্রি ফরম) পরীক্ষার্থীর বিষয় কোড ও পরীক্ষার বিষয় সহ পরীক্ষার্থীর ব্যক্তিগত তথ্যাবলী উল্লেখ থাকবে। **অনলাইনে ফরম পূরণে কোন শিক্ষার্থী তার প্রদত্ত তথ্যে ভুল করলে তা শিক্ষার্থী নিজেই সর্বোচ্চ ০৩ (তিন) বার সংশোধন করতে পারবে।**

খ) প্রিন্টকৃত ফরমে (এন্ট্রি ফরম) শিক্ষার্থী নিজে স্বাক্ষর করার পর কলেজ **অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষের** স্বাক্ষর নিয়ে ফটোকপি করে এক কপি শিক্ষার্থী সংরক্ষণ করবে এবং আরেক কপি কলেজ কর্তৃক নির্ধারিত ডেস্কে/সংশ্লিষ্ট বিভাগে অবশ্যই জমা দিতে হবে।

গ) যদি বিজ্ঞপ্তিতে উল্লেখিত শিক্ষাবর্ষের কোন পরীক্ষার্থীর ডাটা (অনলাইনে ফরমপূরণের জন্য) সরবরাহ করা না হয়ে থাকে তবে সে ক্ষেত্রে পরীক্ষার্থী কলেজ কর্তৃপক্ষের মাধ্যমে **২৩/১১/২০২৩** তারিখের মধ্যে শিক্ষার্থীর পূর্বের তথ্যসহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসের ৩২২ নং কক্ষে জানাতে পারবে।

০১. পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী:

**মানোন্নয়ন পরীক্ষার্থীদের জন্য**

২০১৫-২০১৬, ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী ইতিপূর্বে ৪র্থ বর্ষে পরীক্ষায় যে সব কোর্সে F গ্রেড প্রাপ্ত হয়েছে বা কোন পত্রে অনুপস্থিত রয়েছে সে সকল কোর্সের পরীক্ষায় গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অবশ্যই অংশগ্রহণ করতে হবে। এ ছাড়াও ২০২১ সনের ৪র্থ বর্ষ অনার্স অনিয়মিত ও মানোন্নয়ন (পুরাতন সিলেবাস) পরীক্ষায় যারা অনিয়মিত হিসাবে অংশগ্রহণ করে C বা D গ্রেড পেয়েছে তারা (রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা সাপেক্ষে) ঐ সকল কোর্সে ২০২২ সনের ৪র্থ বর্ষ অনার্স অনিয়মিত ও মানোন্নয়ন (পুরাতন সিলেবাস) পরীক্ষায় গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। এক্ষেত্রে একজন **পরীক্ষার্থী সর্বোচ্চ দুইটি কোর্সে গ্রেড উন্নয়ন পরীক্ষা দিতে পারবে। তবে কোন পরীক্ষার্থী একটি কোর্সে একবারের বেশি একাধিক বার গ্রেড উন্নীতকরণের সুযোগ পাবে না। কোন শিক্ষার্থী যদি গ্রেড উন্নত করতে ব্যর্থ হয় তাহলে ঐ কোর্সে তার পূর্বের গ্রেড বহাল থাকবে।**

**অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য**

* ২০১৫-২০১৬, ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের পরীক্ষার্থী যারা ২০১৮, ২০১৯ ও ২০২০ (বিশেষ) সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় উত্তীর্ণ হয়ে অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি অথবা ২০২১ সালের অনার্স তৃতীয় বর্ষ (পুরাতন সিলেবাস) অনিয়মিত ও মানোন্নয়ন পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণ করে Promoted হয়েছে সে সকল পরীক্ষার্থী ২০২২ সনের ৪র্থ বর্ষ অনার্স অনিয়মিত ও মানোন্নয়ন (পুরাতন সিলেবাস) পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। এছাড়াও যে সকল শিক্ষার্থী ৩য় বর্ষ সম্মান- ২০২০ (বিশেষ) ও ২০২১ (বিশেষ) পরীক্ষা দুটিতে সকল বিষয়ে উপস্থিত হয়ে কমপক্ষে ৪টি D গ্রেড পেয়েছে তারাও উক্ত পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণ করতে পারবে।

**বিশেষ গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের জন্য**

(২০০৯-১০, ২০১০-১১, ২০১১-১২, ২০১২-২০১৩, ২০১৩-২০১৪, ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের ক্ষেত্রে প্রযোজ্য)

• ২০০৯-১০, ২০১০-১১, ২০১১-১২, ২০১২-২০১৩, ২০১৩-২০১৪, ২০১৪-২০১৫ সনের যে সব শিক্ষার্থী ৪র্থ বর্ষে এক বা একাধিক কোর্সে F গ্রেড ও Absent আছে সে সকল পরীক্ষার্থী আলোচ্য পরীক্ষায় শুধুমাত্র F গ্রেড ও Absent কোর্সে অংশগ্রহণ করতে পারবে। তবে **উল্লেখ থাকে যে, এ সব পরীক্ষার্থীরা ৫,০০০/- টাকা জরিমানা (ফরম পূরণের ফি এর অতিরিক্ত) সাপেক্ষে ২০২২ সনের অনার্স ৪র্থ বর্ষ (পুরাতন সিলেবাস) পরীক্ষায় বিশেষ গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।**

## কেবলমাত্র ঢাকা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশন নাম্বার প্রাপ্ত শিক্ষার্থীরাই উক্ত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে ##

**ফরমের সাথে যে সমস্ত কাগজপত্র জমা দিতে হবেঃ**

০১. অনিয়মিত শিক্ষার্থীদের ৪র্থ পুন:ভর্তির রশিদের ফটো কপি।

০২. পরীক্ষায় অংশগ্রহণের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ে পূরণকৃত ফরম ফিলাপের ফরম।

০৩. টাকা পরিশোধের রশিদ।

বিঃদ্রঃ **শিক্ষার্থীরা রশিদ এবং পরীক্ষার এন্ট্রি ফরম বিভাগে জমা না দিয়ে বাসায় নিয়ে গেলে তার পরীক্ষার ফরম পূরণ বাতিল বলে গণ্য হবে। উল্লেখ্য যে, শিক্ষার্থীদের ফরম পূরণের তথ্য সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক নির্দিষ্ট তারিখের মধ্যে অনলাইনে ভেরিফাই করতে হবে।**

(প্রফেসর সাবিকুন নাহার)
অধ্যক্ষ
বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ,ঢাকা।

**বিতরণ:**

০১. কলেজ নোটিশ বোর্ড

০২. বিভাগীয় প্রধান

০৩. সংরক্ষণ নথি।